



# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২-২২৩৩৮৯৮৫, ০২-২২৩৩৮৭৮৬০, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org,



স্মারক নং- সদ/আইইবি/প্রশাসন/নি.বি./২০২২/৫৫২

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.


## নিয়োগ বিজ্ঞপ্তি

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) সদর দফতরে জনসংযোগ কর্মকর্তা (Public Relations Officer) পদে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শ্রেণি	আবেদনের যোগ্যতা
০১	জনসংযোগ কর্মকর্তা (Public Relations Officer)	০১ (এক)	অনূর্ধ্ব ১৮ থেকে ৩০ বছর।	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় বেতনস্কেল-২০১৫ এর শ্রেণি-১০ ১৬,০০০-৩৮৬৪০/-	<ul style="list-style-type: none"><li>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক অথবা সমমান ডিগ্রি।</li><li>গণযোগাযোগ ও সাংবাদিকতা পেশায় কমপক্ষে ০১ (এক) বছরের অভিজ্ঞতা।</li></ul>

### আবেদনের শর্তাবলী :

- আত্মহী প্রার্থীগণ শুধুমাত্র অনলাইনের মাধ্যমে আগামী ০১/০৩/২০২২ খ্রি. হতে ১৫/০৩/২০২২ খ্রি. তারিখ বাংলাদেশ সময় রাত ০৯:০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের লিংক আইইবি'র ওয়েবসাইট (www.iebbd.org)-এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনের জন্য আত্মহী প্রার্থীদের কোন প্রকার আবেদন ফি প্রদান করতে হবে না।
- আগামী ১৫/০৩/২০২২ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ এর মধ্যে হতে হবে। সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীদের জন্য বয়স ১৮ থেকে ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কোন তথ্য জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীদের প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোনো প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন।
- অভিজ্ঞতা সনদ দাখিল সাপেক্ষে গণযোগাযোগ বা সাংবাদিকতা পেশায় পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ/নাগরিক সনদ/জাতীয় পরিচয় পত্র/প্রত্যয়নপত্র/অনাপত্তিপত্র/প্রশিক্ষণ সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীকে কোন পর্যায়ের (লিখিত/ব্যবহারিক/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ডাকযোগে বা অন্যকোন উপায়ে আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করা সহ নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২৭.০২.২০২২

প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইজি.

সম্মানী সাধারণ সম্পাদক

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)।